

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ

স্মারক নং- ৪৬-

/ ২০২০ এসসি (এডি)

তারিখঃ ০৬/০১/২০২০ খ্রিঃ

পুরাতন পেপার বুক ও পুরাতন খবরের কাগজ বিক্রয়ের

পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের গোড়াউনে রাক্ষিত রান্ডি (Useless) কাগজ তথা পুরাতন পেপারবুক ও পুরাতন খবরের কাগজ (যেখানে যতটুকু যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট ক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে আগামী ১৪/০১/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১২:৩০ ঘটিকার মধ্যে আপীল বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার মহোদয়ের কক্ষের সামনে রাক্ষিত দরপত্র বাস্তে দরপত্র দাখিল করতে হবে অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় দরপত্র প্রেরণ করা যাবে। অফিস সময়ে কোর্ট অফিসার শাখায় যোগাযোগ করে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের গোড়াউনে রাক্ষিত উক্ত রান্ডি কাগজ সরোজমিনে পরিদর্শন করা যাবে।

শর্তাবলী

- ১। দরপত্রে পুরাতন পেপার বুক ও পুরাতন খবরের কাগজ এর প্রতি কেজির মূল্য পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হবে।
- ২। দাখিলকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্সসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।
- ৩। আগামী ১৪/০১/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় দরপত্র দাখিলকারীদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্ত খোলা হবে।
- ৪। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও যুক্তিযুক্ত দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। উপরিবর্ণিত পুরাতন পেপার বুক ও পুরাতন খবরের কাগজ Digital Weight Machine দিয়ে ওজন করতঃ ওজন মাফিক রান্ডি কাগজের সমুদয় মূল্য বাবদ নগদ অর্থ নিলাম কমিটির সভাপতির নিকট তৎক্ষণাৎ পরিশোধ করতে হবে এবং সম্পূর্ণ টাকা পরিশোধ সাপেক্ষে কার্যাদেশ ও গেইট পাশ সংগ্রহ পূর্বক নিদিষ্ট তারিখের মধ্যে মালামাল নিজ খরচে ডেলিভারী নিতে হবে। Digital Weight Machine টি মালামাল ডেলিভারীর দিন কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে বহন করতে হবে।
- ৫। নিলামকৃত মালামালের কোন ত্রুটি ধরা পড়লে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৬। জামানত হিসাবে দরপত্রের সাথে ১৫,০০০/- (পনের হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করিতে হইবে (ফেরতযোগ্য)। এক্ষেত্রে নগদ অর্থ গ্রহণযোগ্য নয়। যে সমস্ত প্রতিষ্ঠান কর্তৃক গত ৩০/১২/২০১৯ খ্রিঃ তারিখে দরপত্র দাখিল করেছে তাদের মধ্যে কেউ যদি আগামীতে পুনঃ নিলাম দরপত্র দাখিল করেন তবে তাদের নতুন করে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল করার প্রয়োজন নাই শুধুমাত্র ইতিপূর্বে দাখিলকৃত দরপত্রের সহিত ১৫,০০০/- (পনের হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দাখিল আছে মর্মে উল্লেখ করলেই হবে।
- ৭। নির্ধারিত তারিখ (অফিস চলাকালীন সময়) মধ্যে পুরাতন পেপারবুক ও পুরাতন খবরের কাগজ ডেলিভারী নিতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াঙ্গ হবে।
- ৮। অসম্পূর্ণ, শর্তযুক্ত, কাঁটা-ছেঁড়া বা ফ্লু-ইড ব্যবহারকৃত দরপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন দরপত্র গ্রহণযোগ্য নহে।
- ৯। কর্তৃপক্ষ সর্বোচ্চ দরপত্র গ্রহণে বাধ্য নহে এবং সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

আদেশক্রমে,

(*মোহাম্মদ মেহেদী হাসান*)

০৬-০১-২০২০

(মোহাম্মদ মেহেদী হাসান)

ডেপুটি রেজিস্ট্রার

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,

আপীল বিভাগ, ঢাকা।

স্মারক